মদীনার অবস্থা উত্তম থাকা সত্বেও তার অধিবাসীরা মদীনা ত্যাগ ক’রে চলে যাবে। (সে সময়) সেখানে কেবল বন্য হিংস্র পশু-পাখিতে ভরে যাবে।

আবূ হুরায়রাহ রাদিয়াল্লাহু আনহু হতে মারফূ হিসেবে বর্ণিত: “মদীনার অবস্থা উত্তম থাকা সত্বেও তার অধিবাসীরা মদীনা ত্যাগ ক’রে চলে যাবে। (সে সময়) সেখানে কেবল বন্য হিংস্র পশু-পাখিতে ভরে যাবে। সব শেষে যাদের উপর কিয়ামত সংঘটিত হবে, তারা মুযাইনাহ গোত্রীয় দু’জন রাখাল, যারা নিজেদের ছাগলের পাল হাঁকাতে হাঁকাতে মদীনা অভিমুখে নিয়ে যাবে। তারা মদীনাকে হিংস্র জীব-জন্তুতে ঠাসা অবস্থায় পাবে। তারপর যখন তারা (মদীনার উপকণ্ঠে অবস্থিত) ‘সানিয়্যাতুল্ অদা’ নামক স্থানে পৌঁছবে, তখন তারা মুখ থুবড়ে
মাটিতে পড়ে যাবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সংবাদ দেন যে, নবীজির মদীনা—আল্লাহ তার সম্মান ও ইজ্জত বৃদ্ধি করুক—তার অধিবাসীরা তা ত্যাগ ক’রে চলে যাবে। (সে সময়) সেখানে কেবল বন্য হিংস্র পশু-পাখি ছাড়া আর কিছু থাকবে না। আর এটি সংঘটিত হবে শেষ যামানায়। মুযাইনাহ গোত্রীয় দু’জন রাখাল, যারা নিজেদের ছাগলের পাল হাঁকাতে হাঁকাতে মদীনা অভিমুখে নিয়ে যাবে। তারা মদীনাকে হিংস্র জীব-জন্তুতে ঠাসা অবস্থায় পাবে। তারা তাদের ছাগলের পাল নিয়ে চিৎকার করবে। তা বিরাণ হওয়ার কারণে তাকে তারা ভীতিকর অবস্থায় পাবে। আর তারা দু‘জনই হলো সর্বশেষ লোক। তারপর তারা যখন (মদীনার উপকণ্ঠে অবস্থিত) ‘সানিয়্যাতুল্ অদা’ নামক স্থানে পৌঁছবে, তখন তারা মুখ থুবড়ে মৃত অবস্থায় পড়ে যাবে।”

http://sunnah.global/hadeeth/bn/show/3116